# ইউসুফ | Yusuf | يُوسُف

আয়াতঃ ১২ : ২৯

## আরবি মূল আয়াত:

يُوسُفُ اَعرِض عَن هٰذَا ۚ وَ استَغفِرِی لِذَنبِكِ اِنَّكِ كُنتِ مِنَ الخٰطِئِینَ ﴿٢٩﴾

## অনুবাদসমূহ:

‘ইউসুফ, তুমি এ প্রসঙ্গ এড়িয়ে যাও, আর (হে নারী) তুমি তোমার পাপের জন্য ইস্তেগফার কর। নিশ্চয় তুমিই পাপীদের অন্তর্ভুক্ত’। — আল-বায়ান

ওহে ইউসুফ! তুমি ব্যাপারটা উপেক্ষা কর, আর ওহে নারী! তুমি তোমার অপরাধের জন্য ক্ষমা চাও, প্রকৃতপক্ষে তুমিই অপরাধী।’ — তাইসিরুল

হে ইউসুফ! তুমি এটা উপেক্ষা কর এবং হে নারী! তুমি তোমার অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা কর, নিশ্চয়ই তুমিই অপরাধী। — মুজিবুর রহমান

Joseph, ignore this. And, [my wife], ask forgiveness for your sin. Indeed, you were of the sinful." — Sahih International

২৯. হে ইউসুফ! তুমি এটা উপেক্ষা কর এবং হে নারী! তুমি তোমার অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা কর; তুমিই তো অপরাধীদের অন্তর্ভুক্ত।(১)

(১) আযীয-মিসর তার স্ত্রীর ভুল বর্ণনা করার পর ইউসুফ আলাইহিস সালাম-কে বললঃ (يُوسُفُ أَعْرِضْ عَنْ هَٰذَا) অর্থাৎ ইউসুফ, এ ঘটনাকে উপেক্ষা কর এবং বলাবলি করো না, যাতে বেইযযতি না হয়। অতঃপর তার স্ত্রীকে সম্বোধন করে বললঃ (وَاسْتَغْفِرِي لِذَنْبِكِ إِنَّكِ كُنْتِ مِنَ الْخَاطِئِينَ) অর্থাৎ ভুল তোমারই। তুমি নিজে ভুলের জন্য ক্ষমা প্রার্থনা কর। [কুরতুবী; ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(২৯) হে ইউসুফ! তুমি এ বিষয়কে উপেক্ষা কর[1] এবং হে নারী! তুমি তোমার অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা কর, নিশ্চয় তুমিই অপরাধিনী।’[2]

[1] অর্থাৎ, এ কথা প্রচার করো না।

[2] এতে বুঝা যায় যে, মিসরের আযীযের নিকট ইউসুফ (আঃ) যে নির্দোষ তা স্পষ্ট হয়ে গিয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1625

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন